

মতুরা সঙ্গীত

৩০

৩৬নং

তাল--একতালা

তারক ব্রহ্ম হরিনামের মর্ম্ম জান্‌লি না‌রে মন পাগলা ।
নামে পালায় শমন রিপু দমন, দূর হয়ে যায় ত্রিতাপ জ্বালা ॥

১। চুরাশি লক্ষ জনম পর, দুর্লভ মনুষ্য জনম
পেয়েছ এ‌বার ।

তাতে ঘুচল না তোর মনের বিকার, বোকা তুই
হরির নামে কর্‌লি হেলা ॥

২। হরিনাম দোলে যার হৃদয়-কমলে, নাই তার
আর কোন ভয় গিরি গুহায় কি‌বা জঙ্গলে ।
জ্বলে তার আঁধার রাতে দৈব বাতি হারে
দীপ্ত করে সপ্ত তালা ॥

৩। হরিনাম নদীতে প্রেমের জোয়ার বয় কত সাধু
মহাজন প্রেমে মগন ডুবে পড়ে রয় ।
ডুব্‌লি না জগাদা ম্যানা ও দিন কানা হারে তুই
ভাসিয়ে র'লি পাতলা শোলা ॥
---জগদানন্দ



৩৭নং

তাল--একতালা

হরি আর কত রঙ্গ দেখা'বি কলিতে ।
জানে না ধর্মাধর্ম চেনে না গুরু ব্রহ্ম
অগম্য নিগমাগম্য পথে চলিতে ॥

১। পিতা-মাতার অন্ন দিতে দীন দৈন্য দশা যার,
বণিতার গহনা দিতে রাতে সে জমিদার ।
ভূলাতে রমণীর মন করতে পারে দেশ ভ্রমণ,